

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

উপজেলা শিশু কল্যাণ বোর্ড, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: কামাল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
তারিখ : ০১/০৯/২০২৫ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ মিঃ
স্থান : উপজেলা মিনি সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" হিসেবে সংযুক্ত করা হলো।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সমাজসেবা কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। তাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্র. ন	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সদস্য সচিব ও সমাজসেবা কর্মকর্তা জানান যে, শিশু আইন ২০১৩ এর ধারা ১১(৩) অনুযায়ী উপজেলা পর্যায়ে প্রতি ০৩ (তিন) মাসে ০১(এক) টি সভা করার বিষয়ে উল্লেখ রয়েছে।	সভায় শিশু আইন ২০১৩ এর ধারা ১১(৩) অনুযায়ী উপজেলা পর্যায়ে প্রতি ০৩ (তিন) মাসে ০১(এক) টি সভা আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কার্যালয়
২.	আইনের সংঘাতে জড়িত শিশু মো: বাবুল হক, পিতা: মো: ইমরান, মাতা: মোসা: নারগীস বেগম, গ্রাম: মেঘডহর, ডাকঘর: মল্লিকপুর, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর কেস ম্যানেজমেন্ট এর আওতায় নিয়ে আসা হয় এবং শিশুটি কে সুস্থ, স্বাভাবিক জীবনযাপন করার বিষয়ে সার্বিক দিকনির্দেশনা প্রদান করা হয়।	শিশুটির কেস স্টাডি এর ধারা অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত খোঁজখবর রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কার্যালয় ও নাচোল থানা

১৬

৩.	শিশু সহায়তা ফোন-১০৯৮ এর স্কুল ক্যাম্পেইন বিষয়ে আলোচনা করা হয়। স্কুল ক্যাম্পেইনের মাধ্যমে শিশুদের অধিকার ও সুরক্ষা বিষয়ে সচেতন করা হয় এবং শিশুদের আগামি দিনের ভবিষ্যৎ হিসাবে গড়ে তুলার জন্য উদ্বুদ্ধ করা হয়।	শিশু সহায়তা ফোন-১০৯৮ এর স্কুল ক্যাম্পেইন এর ধারা অব্যাহত রাখতে হবে	উপজেলা সমাজসেবা কার্যালয়
৪.	গত জুলাই ও আগস্ট /২০২৫ মাসে যথাক্রমে নেজামপুর বিনোদবিহারী সরকারী প্রাথমিক বিদ্যালয় ও দেওপাড়া খেসবা প্রাথমিক বিদ্যালয়ে শিশু সহায়তা ফোন-১০৯৮ এর স্কুল ক্যাম্পেইন করা হয়।	স্কুল ক্যাম্পেইন এর ধারা অব্যাহত রাখতে হবে	উপজেলা সমাজসেবা কার্যালয়

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: কামাল হোসেন

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা শিশু কল্যাণ বোর্ড

নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং ৪১.০১.৭০৫৬.০০০.১৬.০০০.১৭- 

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

৩. উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

৪. জনাব..... নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

৫. অফিস কপি।

তারিখ: ০১/০৯/২০২৫ খ্রি:



মো: সোহেল রানা

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা শিশু কল্যাণ বোর্ড

নাচোল, চাঁপাইনবাবগঞ্জ